তারিখ 23 DEC 2015
পৃষ্ঠা ৩২ কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# শিক্ষার মান নিয়ন্ত্রণে শিগগিরই কলেজের র‍্যাংকিং

... জাতীয় বিশ্ববিদ্যালয় উপাচার্য

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ বলেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কলেজসমূহকে অন্তর্ভুক্ত করে দেশব্যাপী শীঘ্রই ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়কে আমরা নতুন আঙ্গিকে গড়ে তুলতে চেষ্টা চালিয়ে যাচ্ছি। ২০১৮ সালের মধ্যভাগ থেকে এটি হবে সম্পূর্ণ সেশনজট মুক্ত। কলেজসমূহের শিক্ষার মান নির্ণয়নে শীঘ্র র‍্যাংকিং-এর ব্যবস্থা করা হচ্ছে।

তিনি মীরপুরস্থ ঢাকা কমার্স কলেজ-এর বার্ষিক অভ্যন্তরীণ ক্রীড়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।